



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
বয়স্ক ভাতা কর্মসূচি  
সমাজসেবা ভবনই-৮/বি-১, আগারগাঁও, শেরেবাংলা  
নগর ঢাকা-১২০৭, বাংলাদেশ।  
[www.dss.gov.bd](http://www.dss.gov.bd)

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.৯৯.০০১.১৯.২৪

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৯

২৩ নভেম্বর ২০২২

বিষয়: ২০২২-২০২৩ অর্থবছরের ২য় কিস্তির (অক্টোবর-ডিসেম্বর) নির্ভুল পে-রোল প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচি'র আওতায় সকল ভাতা ও উপবৃত্তির অর্থ উপকারভোগীদের মাঝে MFS এবং এজেন্ট ব্যাংকিং এর মাধ্যমে G2P পদ্ধতিতে পরিশোধ করা হচ্ছে। ২০২২-২৩ অর্থবছরের ১ম কিস্তিতে মাঠপর্যায় হতে প্রাপ্ত ১ কোটি ২ লক্ষ ২০ হাজার ৫৫৪ জনের অনুকূলে অর্থছাড়করণের নিমিত্ত iBAS++ এ তথ্য প্রেরণ করা হয়। ইতোমধ্যে ৯৯%+ উপকারভোগীর হিসাবের অনুকূলে অর্থছাড় করা সম্ভব হয়েছে। ছাড়কৃত উপকারভোগীর মধ্যে এ পর্যন্ত ৫১,৬৯২ জনের পে-রোল রিকপিলিয়েশন হয়।

২। উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় থেকে ২০২২-২৩ অর্থবছরের ২য় কিস্তির পে-রোল প্রেরণের পূর্বেই ভাতাভোগীর হিসাব নম্বরের সঠিকতা যাচাই ও ভুল তথ্য সংশোধন করা অত্যাবশ্যিক। এছাড়াও কোন ভাতাভোগী মৃত্যুবরণ করে থাকলে কিংবা অন্য কোন কারণে প্রতিস্থাপন প্রয়োজন হলে তা সম্পন্ন করে MIS ডাটাবেজ হালনাগাদ করা প্রয়োজন। আগামী ২৬ ডিসেম্বর'২২ হতে ৬ জানুয়ারি'২৩ পর্যন্ত মাঠপর্যায় হতে ২য় কিস্তির পে-রোল গ্রহণ করা হবে।

৩। বর্ণিতাবস্থায়, তাঁর আওতাধীন উপজেলা/শহর সমাজসেবা কার্যালয় হতে পে-রোল রিকপিলিয়েশনে আসা উপকারভোগীর তথ্য সংশোধন, মৃত উপকারভোগীর পরিবর্তে নীতিমালা মোতাবেক প্রতিস্থাপন, উপকারভোগীর হিসাব নম্বরের সঠিকতা যাচাই শেষে নির্ভুল পে-রোল প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৩-১১-২০২২

ড. মোঃ মোকতার হোসেন

পরিচালক

ফোন: +৮৮০২-৫৫০০৭০২৪

ইমেইল: [dg@dss.gov.bd](mailto:dg@dss.gov.bd)

পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়,

ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/রংপুর/সিলেট/ময়মনসিংহ

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০৪৯.৯৯.০০১.১৯.২৪/১(২৫৫)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯  
২৩ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২) জেলা প্রশাসক (সকল), .....
- ৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদপ্তর (তঁাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৭) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), .....
- ৮) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) .....
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), .....
- ১০) সমাজসেবা অফিসার, উপজেলা/ শহর সমাজসেবা কার্যালয় (সকল), .....

২৩-১১-২০২২

ড. মোঃ মোকতার হোসেন  
পরিচালক